

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৩৭
কৈলাসহর, ১৫ ডিসেম্বর, ২০২৩

উনকোটি জেলায় পর্যালোচনা সভা
সরকারি প্রকল্পগুলির সুবিধা নির্দিষ্ট সময়ের মধ্যে
সুবিধাভোগীদের কাছে পৌঁছে দিতে হবে : প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী

কেন্দ্র ও রাজ্য সরকারের প্রকল্পগুলির সুবিধা নির্দিষ্ট সময়ের মধ্যে সুবিধাভোগীদের কাছে পৌঁছে দিতে হবে। সুবিধাভোগীরা বিভিন্ন দপ্তর থেকে প্রকল্পের সুবিধাগ্রহণের পর সেগুলিকে সঠিকভাবে বাস্তবায়ন করছেন কিনা সে সম্পর্কেও দপ্তরের আধিকারিকদের খোঁজ খবর নিতে হবে। গতকাল কৈলাসহর সার্কিট হাউসের কনফারেন্স হলে অনুষ্ঠিত প্রাণীসম্পদ বিকাশ, মৎস্য ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের উনকোটি জেলাভিত্তিক উন্নয়ন কর্মসূচির পর্যালোচনা সভায় প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। সভায় তিনি আরও বলেন, বিভিন্ন দপ্তরের উন্নয়ন কর্মসূচি রূপায়ণে দপ্তরের আধিকারিকদের জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে কাজ করতে হবে। দপ্তরের আধিকারিকদের মিশন মোডে কাজ করে সময়ের কাজ সময়ের মধ্যে শেষ করার উপর গুরুত্ব আরোপ করেন প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী সুধাংশু দাস। তপশিলি জাতি কল্যাণ দপ্তরের স্টাইপেন্ডের সুযোগ যাতে তপশিলি জাতি সম্প্রদায়ের ছাত্রছাত্রীরা সময়মত পায় সেজন্য তিনি দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন।

পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস, সহকারি সভাপতি শ্যামল দাস, কৈলাসহর ও কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়, ও বিশ্বজিৎ দাস, গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান নারান সিনহা, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস, পৌঁচারখল ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান সজল চাকমা, তপশিলিজাতি কল্যাণ দপ্তরের প্রধান সচিব বি এস মিশ্রা, মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা ডাঃ নীরাজ কুমার চঞ্চল, উনকোটি জেলার জেলাশাসক রাজীব দত্ত, প্রাণীসম্পদ বিকাশ, মৎস্য ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের জেলার আধিকারিকগণ সহ মহকুমা ও ব্লক স্তরের আধিকারিকগণ। এছাড়াও পর্যালোচনা সভায় আলোচনায় অংশ নেন দপ্তরের প্রধান সচিব বি এস মিশ্রা। সভার শুরুতে তপশিলি জাতি কল্যাণ দপ্তরের জেলা কল্যাণ আধিকারিক বাদল রায়, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপঅধিকর্তা সঞ্জয় আধিকারী ও মৎস্য দপ্তরের জেলা আধিকারিক তারেন্দ্র দেববর্মা চলতি ও বিগত অর্থবছরের কাজের চিত্র তুলে ধরেন।
